

Circle Anglia (সার্কোল এংলিয়া) তার গ্রুপ মেম্বারদের নিয়ে বাড়ি ভাড়া দেওয়া, নিউ বিল্ড হোমবাই (আগে যেটিকে বলা হতো শেয়ার্ড ওউনারশিপ বা আংশিক ক্রয়, আংশিক ভাড়া) কর্মসূচীর অধীনে ঘরবাড়ি প্রদান এবং ঘরবাড়ি সম্পূর্ণরূপে বিক্রি করা সহ, নানান ধরনের কম খরচের ঘরবাড়ি প্রদান করে। ঘরবাড়ির প্রয়োজন যাদের সবচেয়ে বেশি তাদেরকেও আমরা শেয়ার্ড (আশ্রয়মূলক) এবং সাপোর্টেড (সাহায্য সহায়তা সম্বলিত) ঘরবাড়ি প্রদান করি।

প্রত্যেক বছর আমরা নতুন ঘরবাড়ি নির্মাণ করি যেগুলো নিউ বিল্ড হোমবাই (New Build HomeBuy) স্কিমের আওতায় খরিদ করা যায়।

খোলা বাজার থেকে আপনার ঘরবাড়ি কিনার সামর্থ্য না থাকলে আপনি 'নিউ বিল্ড হোমবাই' স্কিমের মাধ্যমে ধাপে ধাপে একটি ঘর কিনে নিতে পারেন। যদিও একেকটি স্কিম একেক ধরনের তথাপি এই পদ্ধতিতে ঘর কিনলে প্রথমে আপনার সাধ্যের ভিতরে একটি অংশ (সাধারণত 25% বা 50%) কিনে নেবেন। বাকী অংশের জন্য আপনি রেন্ট (ভাড়া) পরিশোধ করে যেতে থাকবেন।

আপনার ক্ষমতার ভিতরে থাকলে (আপনার নিজের পকেট থেকে হোক বা বাড়তি ঋণ নিয়ে হোক) আগামীতে বাকী অংশটুকু আপনি কিনে নিতে পারবেন এবং অবশেষে সম্পূর্ণ বাসস্থানটির মালিক হতে পারবেন। আমরা কিছু ঘরবাড়ি, বিশেষ করে গ্রামীণ এলাকায় নির্মাণ করে থাকি। এসব স্থানের ঘরবাড়ির ক্ষেত্রে সর্বাধিক অংশের পরিমাণ হবে সীমিত।

এই সাইটের কোনো অংশের অনুবাদ অন্য কোনো ভাষায় বা বোঝার যোগ্য নমুনায় চাইলে অনুগ্রহ করে মার্কেটিং এন্ড কমিউনিক্যাশন টিমকে 020 7288 4000 নাম্বারে ফোন করুন অথবা নিচের ঠিকানায় চিঠি লিখুন:

Circle Anglia
Marketing & Communications
1-7 Corsica Street
London
N5 1JG